**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**15 July 2025** **7:35 AM IST**

==================================================================

রাজ্যের মূখ্য সচিব ড.রবি কোটা লক্ষীপুর মার্কুলিনের আনারস বাগানে গিয়ে কৃষকদের অভিজ্ঞতা ও সমস্যার বিষয়ে অবগত হন এবং আনারস চাষের সম্ভাবনা ও প্রত্যাহ্বান নিয়ে বিস্তারিত আলোচনা করেন । কৃষকদের আয় বাড়ানোর জন্য ডক্টর কোটা মূল্য সংযোজন ও উন্নত বাজারজাতকরণ ব্যাবস্থার গুরুত্ব আরোপ করেন ।

এরপর তিনি মার এগ্রো অর্গানিক প্রডিউসার কোম্পানীর কার্যালয়ে গিয়ে কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টরস ও কৃষক প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন । বৈঠকে ড.কোটা কাছাড় ও পাশ্ববর্তী রাজ্যের উৎপাদন একত্রিত করে একটি সুসংগঠিত প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে জেলা প্রশাসন ও কৃষি দপ্তরকে নির্দেশ দেন । বৈঠকে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব ,জেলা কৃষি বিভাগের সঞ্চালক ড. এ আর আহমেদ সহ অন্যান্য বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---

আসাম রাজ্য নির্বাচন কমিশনের উদ্যোগে গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে শিলচর পৌর নিগম নির্বাচনের প্রস্তুতি নিয়ে একটি

সভা অনুষ্ঠিত হয় । রাজ্য নির্বাচন কমিশনার রঞ্জন শর্মার পৌরহিত্যে আয়োজিত সভায় পৌর নিগম নির্বাচনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় ভোটের দিন , ভোটের আগে ও পরের প্রতিটি ধাপ , ভোট গননা এবং ভোটার তালিকা নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব , জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে , ডি আই জি কংকন জ্যোতি শইকিয়া প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব গতকাল হাইলাকান্দি জেলার চন্ডিপুর গ্রামে নির্মিয়মান গ্রেটার আলগাপুর -হাইলাকান্দি মেগা জল প্রকল্প পরিদর্শন করে অবিলম্বে এই জল প্রকল্প চালু করতে রাজ্য সরকারের কাছে দাবী জানিয়েছেন । উল্লেখ্য ২০১৫ সালে ১৫টি গ্রাম পঞ্চায়েত এলাকার জনগনকে বিশুদ্ধ পানীয় জল প্রদানের লক্ষ্যে এই মেগা জল প্রকল্পের শিলান্যাস করা হয়েছিল ।

---

ভারতীয় প্রশাসসনীক সেবার আধিকারীক অভিষেক জৈনকে হাইলাকান্দির নতুন জেলা আয়ুক্ত হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । আসাম সরকারের কর্মীবিভাগের গতকাল জারি করা এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে । শ্রী জৈন মুখ্যমন্ত্রী দপ্তরের যুগ্ম সচিব হিসেবে কর্মরত ছিলেন । তিনি জেলার বর্তমান আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতমের স্থলাভিষিক্ত হবেন । এদিকে শ্রী গৌতমকে মুখ্যমন্ত্রী দপ্তরের সচিব পদে বদলি করা হয়েছে ।

---

কাছাড় জেলার মণিয়ারখালের বাণীশক্তি ক্লাবের সহযোগীতায় এক পেড় মা কে নাম  কার্য্যসূচীর অধীনে গতকাল থেকে বছরব্যাপী বৃক্ষরোপন কার্য্যসূচী শুরু হয়েছে ।  মণিয়ারখাল গ্রামের স্মিথনগর দ্বিতীয় খন্ড গ্রামে ১০টি গাছের চারা লাগিয়ে এই কার্য্যসূচীর সূচনা করা হয় । ক্লাবের সংযোজক পরেশ তাঁতি জানিয়েছেন যে এক পেড় মা কে নাম কার্য্যসূচীর মাধ্যমে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান , উপ-স্বাস্থ্য কেন্দ্র সহ গ্রামের প্রতিটি বাড়িতে আগামী এক বছরে এক হাজার গাছের চারা রোপন করা হবে ।

---

কিশোর-কিশোরীদের সংগঠন কমসোমলের উদ্যোগে তিন দিবসীয় কাছাড় - শ্রীভূমি-হাইলাকান্দি ভিত্তিক শিক্ষা ও সাংস্কৃতিক শিবির আজ শেষ হবে । গত রবিবার থেকে শিলচরের অসম সাহিত্য সভা ভবনে আয়োজিত  শিক্ষা ও সাংস্কৃতিক শিবিরে  ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান সম্মত আর্দশের ভিত্তিতে চরিত্রের সাধনা নিয়ে আলোচনা করা হচ্ছে । শিবিরে আজ শেষ দিন এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের রাজ্য কমিটির সম্পাদক চন্দ্রলেখা দাস বক্তব্য রাখবেন ।

---

শ্রীভূমির জেলা কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার কৃষকদের অবগতির জন্য রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা , কৃষি বনায়ন ২০২৫-২৬ প্রকল্পের অধীনে নার্সারী করতে ইচ্ছুক কৃষকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করেছেন । বিশদ বিবরনের জন্য জেলা কৃষি বিভাগের কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং বড়জালেঙ্গার পাইওনিয়র সংঘের ব্যবস্থাপনায় আগামী ১৭ই জুলাই বড়জালেঙ্গা নয়া বিল গ্রামের তারানাথপুর দূর্গাবাড়ীতে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---

পূর্ত বিভাগের উধারবন্দ সড়ক ডিভিশনের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতির জন্য সিরিসথল থেকে অমরানগর পর্য্যন্ত সড়কে সব ধরনের ভারী যান চলাচল পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত বন্ধ থাকবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে সিরিসথল থেকে অমরানগর পর্য্যন্ত সড়কের সেতুর সংযোগ অংশ বন্যার জলে ক্ষতিগ্রস্ত হওয়ায় বড় যান চলাচলের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে । জনসাধারনের নিরাপত্তার স্বার্থে এবং সড়কের আরো ক্ষতি প্রতিরোধে এই নির্দেশ মেনে চলতে অনুরোধ জানানো হয়েছে ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় লেনরুয়াল এফ সি খেলবে টুপিলার সিংলাং এফ সি-র বিরুদ্ধে ।
পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় রেইনবো ক্লাব ২-০ গোলে নেইথাং এফ সি দলকে পরাজিত করে ।

---